

## আবেদনের শর্তাবলি

আবেদন দাখিল করতে নিম্নোক্ত শর্তসমূহ প্রতিপালন করতে হবে:

- আবেদনকারী প্রতিষ্ঠানকে এনএসডিএ কর্তৃক নিবন্ধিত হতে হবে এবং কোর্স ও অ্যাসেসমেন্ট সেন্টার স্বীকৃতি থাকতে হবে;
- Bangladesh National Qualification Framework (BNQF)-এর ১-৬ স্তরভিত্তিক দক্ষতা প্রশিক্ষণ সংক্রান্ত এনএসডিএ-এর কোর্স/কারিকুলাম, Competency Standard ও Competency Based Learning Materials অনুসরণ করে প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করতে হবে;
- প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থী নির্বাচনসহ অন্যান্য বিষয় এনএসডিএ কর্তৃক নির্দেশিত প্রশিক্ষণ পদ্ধতি অনুসরণ করে সামগ্রিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে;
- আবেদনকারীকে অনলাইনে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের জাতীয় দক্ষতা পোর্টালে (<https://www.skillsportal.gov.bd/#/>) আবেদন করতে হবে;
- অনলাইনে দাখিলকৃত আবেদনের ২ (দুই) সেট হার্ড কপি (সংযুক্তিসহ) কাগজের উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে প্রতি পৃষ্ঠায় স্বাক্ষরপূর্বক নির্বাহী চেয়ারম্যান (সচিব), এনএসডিএ বরাবর প্রেরণ করতে হবে। অনলাইনে আবেদন দাখিলের শেষ তারিখের পরবর্তী ৫ কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে হার্ডকপি এ কার্যালয়ে জমা দিতে হবে;
- অসম্পূর্ণ আবেদন দাখিল করা হলে বা প্রয়োজনীয় সকল তথ্য ও ডকুমেন্ট দিতে ব্যর্থ হলে আবেদন বাতিল বলে গণ্য হবে;
- প্রয়োজনীয় ডকুমেন্ট অনলাইনে আপলোড না করা হলে পরবর্তীতে কোনো হার্ড কপি গ্রহণ করা হবে না;
- জাল/নকল কোনো ডকুমেন্টস দাখিল করা হলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- প্রয়োজনীয় কোনো তথ্য ও ডকুমেন্ট আবেদনকারীর জন্য প্রয়োজ্য না হলে, 'প্রয়োজ্য নয়' সিলেক্ট করে এর স্বপক্ষে প্রতিষ্ঠানের প্যাডে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরকৃত ব্যাখ্যা আপলোড/সংযুক্ত করতে হবে;
- একটি প্রতিষ্ঠান সর্বোচ্চ ৫ (পাঁচ)টি অকুপেশনে আবেদন করতে পারবে;
- অন্য কোনো প্রকল্প থেকে সহায়তাপ্রাপ্ত অকুপেশন/ট্রেন্ডের জন্য আবেদন করা যাবে না;
- ইতোপূর্বে প্রদত্ত বিজ্ঞপ্তিরেআওতায় এনএইচআরডিএফ হতে প্রাপ্ত সহায়তায় প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকলে সে প্রতিষ্ঠানের আবেদন করার প্রয়োজন নেই;
- ০১ মে ২০২৬ তারিখের পরে এসটিপি নিবন্ধন ও কোর্স পরিচালনার স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান আবেদনের যোগ্য বিবেচিত হবে না;
- একই ডকুমেন্ট ব্যবহার করে একাধিক এসটিপির জন্য আবেদন করা যাবে না; এবং
- নির্ধারিত সময়ের পর দাখিলকৃত আবেদন বিবেচনা করা হবে না; **অনলাইনে আবেদনের শেষ তারিখ ০৯ জুলাই ২০২৬**
- ভবিষ্যতে NSDA ও NHRDF আবেদনকারীর নিকট প্রয়োজনে অতিরিক্ত তথ্য ও ডকুমেন্ট চাইতে পারে;

দুই সেট হার্ড কপি আবেদন পাঠানোর ঠিকানা:

নির্বাহী চেয়ারম্যান (সচিব)

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)

বিনিয়োগ ভবন (১১-১২ তলা)

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭



মোহাম্মদ মাহফুজুর রহমান  
পরিচালক (অর্থ)  
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
প্রধানমন্ত্রীর কার্যালয়

## অন্যান্য শর্তাবলি

- প্রশিক্ষণ কর্মসূচিতে নির্দেশনা মোতাবেক নারী ও অনগ্রসর জনগোষ্ঠী অন্তর্ভুক্ত করতে হবে;
- প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের নিজস্ব ও আলাদা ব্যাংক একাউন্ট থাকতে হবে;
- প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের পর্যাপ্ত নগদ অর্থ/চলতি মূলধন থাকতে হবে;
- এনএইচআরডিএ-এর নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রমের সামগ্রিক ব্যয় নির্বাহ ও হিসাব রক্ষণ করতে হবে;
- প্রশিক্ষণ শেষে প্রশিক্ষার্থীদের অন্তত ২/৩ অংশের জব প্লেসমেন্টের ব্যবস্থা করতে হবে;
- প্রতি ৪ (চার) মাস অন্তর প্রগেস রিপোর্ট এনএসডিএ/এনএইচআরডিএ বরাবর প্রেরণ করতে হবে;
- যথাযথভাবে আবেদন ফরম পূরণ করে জমা দিতে হবে।

## প্রয়োজনীয় তথ্য/ডকুমেন্ট

- এনএসডিএ-এর নিবন্ধন সার্টিফিকেট
- হালনাগাদ ট্রেড লাইসেন্স
- Tax Identification Number (TIN)
- VAT Registration Certificate
- আবেদনের পূর্ববর্তী দুই বছরের অডিট রিপোর্ট (ডিবিসি করা হলে প্রাধান্য পাবে)
- আবেদনের পূর্ববর্তী দুই বছরের আয়কর প্রদানের প্রমাণক
- আবেদনের পূর্ববর্তী তিন মাসের ভ্যাট প্রদানের প্রমাণক
- ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট
- এক বছরের ব্যাংক স্টেটমেন্ট



০৪/০৬/২০২৬

মোহাম্মদ মাহফুজুর রহমান  
পরিচালক (অর্থ)  
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
প্রধানমন্ত্রীর কার্যালয়